

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর

স্বরাষ্ট্র মন্ত্রণালয়

জেলা কার্যালয়

১৩১-০৪, হাজরা, নাটোর।

ই-মেইল: dncnatore@gmail.com

নং- ৫৮.০২.৬৯০০.১৪৩.২৩.০০১.২০.১০০

০৭ বৈশাখ ১৪৩৩

তারিখ: ২০ এপ্রিল ২০২৬

বিষয়ঃ ২৬ জুন, ২০২৬ "মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচার বিরোধী আন্তর্জাতিক দিবস" উদযাপন উপলক্ষ্যে রচনা প্রতিযোগিতায় অংশ গ্রহণ প্রসংগে।

সূত্রঃ অপারেশনস অধিশাখার স্মারক নং-২৭০, তারিখঃ ১৬/০৪/২০২৬ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ের প্রতি মহোদয়ের সদয় দৃষ্টি আকর্ষণ পূর্বক জানানো যায় যে, আগামী ২৬ জুন, ২০২৬ "মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচার বিরোধী আন্তর্জাতিক দিবস" বিশ্বের অন্যান্য দেশের ন্যায় বাংলাদেশেও গুরুত্বের সঙ্গে বিভিন্ন কর্মসূচী গ্রহণের মাধ্যমে পালনের জন্য উদ্যোগ গ্রহণ করা হয়েছে। আপনি অবগত আছেন যে, দেশের যুব সমাজের একটা অংশ মাদকাসক্ত হওয়ার কারণে সমাজে বিভিন্ন ধরনের অপরাধ প্রবণতা বৃদ্ধি পাচ্ছে। ফলে সমাজে দেখা দিচ্ছে অশান্তি ও অস্থিরতা। মাদকের করাল গ্রাস থেকে যুব সমাজকে রক্ষা করা ও তাদেরকে সুস্থ নাগরিক হিসেবে গড়ে তোলার জন্য অনুকূল পরিবেশ নিশ্চিত করা আমাদের সকলের দায়িত্ব ও কর্তব্য। তরুণ ও যুবসমাজের মধ্যে সচেতনতা সৃষ্টির উদ্দেশ্যে আগামী ২৬ জুন, ২০২৬ "মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচার বিরোধী আন্তর্জাতিক দিবস" উদযাপন উপলক্ষ্যে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, নাটোর কর্তৃক রচনা প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। উক্ত রচনা প্রতিযোগিতায় আপনার নিয়ন্ত্রণাধীন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের অংশগ্রহণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিনীত ভাবে অনুরোধ করা হলো। তিনটি গ্রুপে প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে।

রচনা প্রতিযোগিতা

ক্র: নং	গ্রুপ	শ্রেণি	২০২৬ সালের জন্য বিষয়বস্তু
০১	ক	৬ষ্ঠ, ৭ম, ৮ম বা সমমান (সর্বোচ্চ ১০০০ শব্দ)	সুনাগরিক গঠনে পরিবার ও বিদ্যালয়ের ভূমিকা
০২	খ	৯ম, ১০ম বা সমমান (সর্বোচ্চ ১৫০০ শব্দ)	তরুণদের স্বপ্ন ও মাদকমুক্ত আগামীর বাংলাদেশ
০৩	গ	একাদশ, দ্বাদশ, স্নাতক বা সমমান (সর্বোচ্চ ২০০০ শব্দ)	মাদকমুক্ত সমাজ হোক উন্নত বাংলাদেশ বিনির্মানের ভিত্তি

প্রতিযোগিতার নিয়মাবলী:

- ১। নাটোর জেলার সকল নিম্ন মাধ্যমিক/সমমান, মাধ্যমিক/সমমান, উচ্চ মাধ্যমিক/সমমান, স্নাতক ও সমমান পর্যায়ের ছাত্র-ছাত্রী রচনা প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবে।
- ২। রচনা সাদা কাগজে বাংলা ভাষায় স্পষ্টাক্ষরে স্বহস্তে লিখতে হবে। কোন ক্রমেই রচনার ফটোকপি গ্রহণ যোগ্য নয়।
- ৩। রচনার প্রথম পাতায় গ্রুপ, প্রতিযোগীর নাম, পিতা/অভিভাবকের নাম, পত্র যোগাযোগের ঠিকানা, টেলিফোন/মোবাইল নম্বর, শিক্ষা প্রতিষ্ঠানের নাম, অধ্যয়নরত শ্রেণি ও রোল নম্বর উল্লেখ করতে হবে।
- ৪। রচনা সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের মাধ্যমে দাখিল/প্রেরণ করতে হবে।
- ৫। খামের উপর "রচনা প্রতিযোগিতাঃ মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচারবিরোধী আন্তর্জাতিক দিবস, ২০২৬" লিখতে হবে।
- ৬। রচনা আগামী ১২ মে, ২০২৬ তারিখ বিকাল ০৪.০০ ঘটিকার মধ্যে উপপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, ১৩১-০৪, হাজরা, নাটোর ঠিকানায় সরাসরি/ডাকযোগে পৌঁছাতে হবে। নির্ধারিত তারিখের পরে রচনা গৃহীত হবে না।

পুরস্কার:

রচনা প্রতিযোগিতায় প্রতিটি গ্রুপের প্রথম, দ্বিতীয়, তৃতীয় স্থান অর্জনকারীদের পুরস্কৃত করা হবে। পুরস্কার বিতরণের তারিখ ও স্থান পরে জানানো হবে।

অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সুপার

.....কলেজ/স্কুল/মাদ্রাসা, নাটোর।

Refa Raunak Nitu
20.08.26

(রীফা রাওনাক নীতু)

উপপরিচালক

ফোনঃ ০২৫৮৭৭৩৫৬৯০

মোবাইলঃ ০১৪০৪-০৭২৪১৮

অনুলিপি : সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। জেলা প্রশাসক, নাটোর।
- ২। অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, রাজশাহী।
- ৩। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), নাটোর।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার(সকল),----- নাটোর।
- ৫। উপজেলা/থানা, মাধ্যমিক শিক্ষা অফিসার,-----।
- ৬। পরিদর্শক, নাটোর 'ক'/'খ' সার্কেল/যমুনা ডিস্টিলারী লিঃ, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, নাটোর।
- ৭। অফিস কপি।